

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

১৯.০০.০০০০.১১১.৪০.১৪৭.২০/৭৭৯

২৩ মে ২০২১


প্রেরক: মেহুদী হাসান
মহাপরিচালক (প্রশাসন)
প্রাপক: জনাব মোঃ সহিদুল ইসলাম
মান্যবর রাষ্ট্রদূত
বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি।

বিষয়: ডোমিনিকান রিপাবলিক-এ রাষ্ট্রদূত হিসেবে সমবর্তী দায়িত্বে নিয়োগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতিক্রমে নিম্নবর্ণিত শর্তাবলীতে ডোমিনিকান রিপাবলিক-এ রাষ্ট্রদূত হিসেবে সমবর্তী দায়িত্বে আপনাকে নিয়োগ প্রদান করা হলো:

- ক) বিধি বর্ণিত শর্ত এবং সীমাসাপেক্ষে বাৎসরিক ৪৫০/- মার্কিন ডলার দায়িত্বভাতা প্রাপ্য।
- খ) প্রতিমাসে উক্ত বাৎসরিক ভাতার ১/১২ অংশ গ্রহণ করতে হবে, যা ডোমিনিকান রিপাবলিক-এর রাষ্ট্রপ্রধানের সম্মুখে আপনার পরিচয়পত্র প্রদানের তারিখ হতে প্রাপ্য।
- গ) বিধি মতে একই সঙ্গে সর্বোচ্চ তিনটি দেশ/আন্তর্জাতিক সংস্থায় সমবর্তী রাষ্ট্রদূত/হাইকমিশনার/প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের জন্য উক্ত ভাতা প্রদেয়।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



(মেহুদী হাসান)
মহাপরিচালক (প্রশাসন)

১৯.০০.০০০০.১১১.৪০.১৪৭.২০/৭৭৯

২৩ মে ২০২১

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক (প্রশাসন/আমেরিকাস), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিনিধীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/নীতি ও সংগঠন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি (ডোমিনিকান রিপাবলিক-এ রাষ্ট্রদূত হিসেবে সমবর্তী দায়িত্বভার গ্রহণের প্রতিবেদন প্রেরণ করার অনুরোধসহ)।
- ০৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (এসএসএ/নীতি ও সংগঠন/বাজেট/তহবিল/এমআইএস/আইসিটি-মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


২৩.০৫.২১
(নাবিদ মোস্তফা জিসান)
সহকারী সচিব (সংস্থাপন-১)
ফোনঃ ৯৫৬৪০৭৮
ই-মেইলঃ aspl@mofa.gov.bd